

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
(মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
ঢাকা

নং-পম/আনক্লস(এমএইউ)/৩৮৬(২)/২০১৭/১৩

তারিখ : ২০ জুলাই ২০১৭

- প্রেরক : দণ্ডশ্রী রাজীব কুমার
সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- প্রাপক : মিজ্ কাকলী সাহা
সহকারী সচিব (পূর্ব এশিয়া ও প্রশান্ত)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ও চীন এর মধ্যে সম্পাদিত মেরিটাইম সহযোগিতা (Maritime Cooperation) সম্পর্কিত সমঝোতা স্মারক (MoU) এর আলোকে আগামী ২৫-২৬ জুলাই ২০১৭ তারিখে চীনের বেইজিং-এ অনুষ্ঠিতব্য Joint Committee Meeting on Maritime Cooperation এর প্রথম ডায়ালগ-এ বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য চীন সফরের সরকারী মঞ্জুরী।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে আপনার অনুকূলে বাংলাদেশ ও চীন এর মধ্যে সম্পাদিত মেরিটাইম সহযোগিতা (Maritime Cooperation) সম্পর্কিত সমঝোতা স্মারক (MoU) এর আলোকে আগামী ২৫-২৬ জুলাই ২০১৭ তারিখে চীনের বেইজিং-এ অনুষ্ঠিতব্য Joint Committee Meeting on Maritime Cooperation এর প্রথম ডায়ালগ-এ বাংলাদেশ প্রতিনিধিদলের সদস্য হিসেবে অংশগ্রহণের জন্য চীন সফরের সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছেঃ

০২। উল্লিখিত ভ্রমণের শর্তাবলী নিম্নরূপঃ

- ক) উক্ত সফরের সময় আপনি অত্র দপ্তরে কর্তব্যরত আছেন বলে গণ্য করা হবে এবং আপনার বেতন-ভাতা'র কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্ত হবেন না।
- খ) সফরের যাবতীয় ব্যয় পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৭-১৮ অর্থ বছরে বরাদ্দকৃত বাজেটের সংশ্লিষ্ট খাত হতে বহন করা হবে;
- গ) উক্ত সফরের জন্য আপনি আগামী ২৪ জুলাই ২০১৭ অথবা নিকটবর্তী তারিখে চীন এর উদ্দেশ্যে রওয়ানা করবেন এবং কার্যশেষে ২৭ জুলাই ২০১৭ অথবা নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

০৩। রাষ্ট্রীয় প্রয়োজনে ও জনস্বার্থে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হ'ল।

RANW 20.07.2017

(দণ্ডশ্রী রাজীব কুমার)

সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)

দূরলাপনী: +৮৮-০২-৯৫৬৯৬১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১) মহাপরিচালক (প্রশাসন/পূর্ব এশিয়া ও প্রশান্ত), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২) পরিচালক (এফএমও/এসএমও/এফএসও/অর্থ/সংস্থাপন), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) রাষ্ট্রাচার উপ-প্রধান, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), সেগুনবাগিচা, ঢাকা।
- ৫) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬) দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, বেইজিং, চীন।
- ৭) সিনিয়র/সহকারী সচিব (সংস্থাপন-১/তহবিল/বাজেট/সাধারণ সেবা/আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট) এর দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৯) সংশ্লিষ্ট নথি।

RANW 20.07.2017

(দণ্ডশ্রী রাজীব কুমার)

সহকারী সচিব (মেরিটাইম অ্যাফেয়ার্স ইউনিট)

দূরলাপনী: +৮৮-০২-৯৫৬৯৬১৬